# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
## মোংলা, বাগেরহাট।

# "অদম্য নারী পুরস্কার" শীর্ষক কর্মসূচীর আওতায় আবেদনের বিজ্ঞপ্তি

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে প্রতি বছর আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উদ্‌যাপন কালে দেশ ব্যাপী "অদম্য নারী পুরস্কার" শীর্ষক কর্মসূচীর মাধ্যমে ০৫ (পাঁচ) টি ক্যাটাগরিতে মোংলা উপজেলার জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

(ক) **অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী:** একজন নারী যিনি স্বকর্মসংস্থানের মাধ্যমে অর্থনৈতিক ভাবে নিজে স্বাবলম্বী হয়েছেন এবং অন্যদের ও অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী হতে পথ দেখিয়েছেন।

(খ) **শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে সাফল্য অর্জনকরী নারী:** একজন নারী যিনি নানা প্রতিকূলতাকে জয় করে শিক্ষা ও চাকুরীর ক্ষেত্রে অসামান্য সাফল্য অর্জন করেছেন।

(গ) **সফল জননী নারী:** একজন নারী যিনি একক প্রচেষ্টায় দারিদ্র ও অন্যান্য সামাজিক প্রতিকূলতাকে জয় করে তাঁর সন্তানদের সুশিক্ষায় শিক্ষিত করেছেন, যারা বিভিন্ন পেশায় সুপ্রতিষ্ঠিত হয়েছেন।

(ঘ) **নির্যাতনের দুঃস্বপ্ন মুছে জীবন সংগ্রামে জয়ী নারী:** নির্যাতনের শিকার নারী যিনি প্রাণ পণ চেষ্টা করে নির্যাতনের বিভীষিকা পেছনে ফেলে নতুন করে জীবন শুরু করে সফল হয়েছেন।

(ঙ) **সমাজ উন্নয়নে অসামান্য অবদান রেখেছেন যে নারী:** সমাজের যে কোন ধরনের অন্যায় বা অসঙ্গতি বা কুসংস্কার, ধর্মান্ধতাদূরকরার ক্ষেত্রে যে নারী নানা বিধ সফল উদ্যোগ নিয়েছেন এবং সমাজ গঠনে প্রশংসনীয় অবদান রেখেছেন।

**শর্তাবলী:**

১) বাগেরহাট জেলাধীন মোংলা উপজেলা এর বাসিন্দা হতে হবে (নাগরিকত্বের সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে)।
২) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এ মোংলা হতে ফর্ম সরাসরি সংগ্রহ করতে পারবেন।
৩) জীবন যুদ্ধের বর্ণনা আলাদা কাগজে সংযুক্ত করতে হবে।
৪) বিস্তারিত জানার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় এ মোংলা যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হলো।

আবেদনের শেষ তারিখ: ১৫ নভেম্বর ২০২৫।

**প্রচারে: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়**
**মোংলা, বাগেরহাট।**

নজাহান আলী রোড, খুলনা থেকে মুদ্রিত এবং ৪৭, খানজাহান আলী রোড থেকে প্রকাশিত ও পৃষ্ঠপোষকতায় আরা